# OFFICE OF THE ELECTION COMMISSION
BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
Phone: 880-9602321431, 880 9602321414 E-mail: electioncommission@bkmea.com, Web: www.bkmea.com


বিকেএমইএ ঃ ১০০০/নির্বাচন ২০২৫-২৭/ভোট কেন্দ্র ও আইডি কার্ড সংগ্রহ/২০২৫/৩৪৯৪
২৯ এপ্রিল ২০২৫ ইং

## সম্মানিত সকল ভোটারদের জন্য

বিষয় ঃ বিকেএমইএ পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৫-২৭) উপলক্ষ্যে ভোট কেন্দ্রের তথ্য প্রদান ও ভোটার আইডি কার্ড সংগ্রহের বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, আগামী ১০ মে ২০২৫ইং রোজ শনিবার বিকেএমইএ নির্বাচন ২০২৫-২০২৭ অনুষ্ঠিত হবে। ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম অঞ্চলের সম্মানিত ভোটারদের ভোট প্রদানের জন্য নারায়ণগঞ্জ ও ঢাকায় ২টি ভোট কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। নিম্নে ভোট কেন্দ্রের ঠিকানা আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

| নারায়ণগঞ্জ ভোট কেন্দ্র | ঢাকা ভোট কেন্দ্র |
|---|---|
| বিকেএমইএ ভবন, চাষাড়া, নারায়ণগঞ্জ। | শহীদ আবু সাইদ আন্তর্জাতিক কনভেনশন সেন্টার, মিন্টো রোড, শাহবাগ, ঢাকা (হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর বিপরীতে)। |

একইসাথে বিকেএমইএ থেকে ভোটার আইডি কার্ড বিতরন কার্যক্রম চলমান রয়েছে যা আগামী ০৮ মে ২০২৫ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত চলামান থাকবে। অতএব দ্রুত সময়ের মধ্যে আপনার মূল্যবান আইডি কার্ডটি সংগ্রহের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

**আইডি কার্ড সংগ্রহের স্থান ঃ**

| ভোটার নারায়ণগঞ্জ অঞ্চল (ভোটার নং-০১ থেকে ২৭২) | ভোটার ঢাকা অঞ্চল (ভোটার নং-২৭৩ থেকে ৪৯৬) | ভোটার চট্টগ্রাম অঞ্চল (ভোটার নং-৪৯৭ থেকে ৫৭২) |
|---|---|---|
| বিকেএমইএ নারায়ণগঞ্জস্থ প্রধান কার্যালয় | বিকেএমইএ ঢাকা কার্যালয় | বিকেএমইএ চট্টগ্রাম কার্যালয় |

আইডি কার্ড সংগ্রহের ক্ষেত্রে ভোটার নিজে উপস্থিত হয়ে অথবা প্রতিনিধি কর্তৃক প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে অথোরাইজেশনের মাধ্যমে (প্রতিনিধির নাম, পদবী, মোবাইল নম্বর উল্লেখসহ এবং এনআইডি কার্ডের কপি দাখিল করে) ভোটার আইডি কার্ড সংগ্রহ করতে পারবেন।

নির্বাচনের দিন সম্মানিত ভোটারদেরকে অবশ্যই নির্বাচন কমিশন কর্তৃক ইস্যুকৃত ভোটার আইডি কার্ডটি ভোট কেন্দ্রে নিয়ে আসতে হবে এবং আইডি কার্ড দেখে ব্যালট পেপার প্রদান করা হইবে।

ধন্যবাদান্তে

২৯/৪/২৫

সৈয়দ ওয়াহিদুজ্জামান
সচিব
বিকেএমইএ নির্বাচন বোর্ড ২০২৫-২৭
মোবাইল: +৮৮ ০১৭১০৩৪৯৪১৯

Syed Wahiduzzaman
Secretary
BKMEA Election Board 2025-27